# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৭: অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

## (57) ـ بَابُ الْقَنَاعَةِ وَالْعَفَافِ وَالاِقْتِصَادِفِي الْمَعِيْشَةِ إنْفَاقِ وَذَمِّ السُّؤَالِ مِنْ غَيْرِ ضَرُوْرَةٍ

আরবী

وَعَن عَمرِو بنِ تَغْلِبَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أُتِيَ بِمَالٍ أَوْ سَبْيٍ فَقَسَّمَهُ، فَأَعْطَى رِجَالاً، وَتَركَ رِجَالاً، فَبَلَغَهُ أَنَّ الَّذِينَ تَركَ عَتَبُوا، فَحَمِدَ اللهَ، ثُمَّ أَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: «أَمَّا بعْدُ، فَواللهِ إنّي لأُعْطِي الرَّجُلَ وَأدَعُ الرَّجُلَ، وَالَّذِي أدَعُ أَحَبُّ إلَيَّ مِنَ الَّذِي أُعْطِي، وَلَكِنِّي إنَّمَا أُعْطِي أقْوَاماً لِمَا أرَى في قُلُوبِهِمْ مِنَ الجَزَعِ وَالهَلَعِ، وَأَكِلُ أقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهم مِنَ الغِنَى وَالخَيْرِ، مِنْهُمْ عَمْرُو بنُ تَغْلِبَ » قَالَ عَمْرُو بنُ تَغْلِبَ: فَوَاللهِ مَا أُحِبُّ أَنَّ لِي بِكَلِمَةِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم حُمْرَ النَّعَم . رواه البخاري

বাংলা

৫/৫৩১। ’আমর ইবনে তাগলিব রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট মাল অথবা যুদ্ধবন্দী নিয়ে আসা হল। অতঃপর তিনি তা বণ্টন করলেন। তিনি কিছু লোককে দিলেন এবং কিছু লোককে ছাড়লেন। তারপর তিনি খবর পেলেন যে, যাদেরকে তিনি দেননি, তারা অসন্তুষ্টি প্রকাশ করেছে। সুতরাং তিনি (ভাষণের প্রারম্ভে) আল্লাহর প্রশংসা ও স্তুতি বর্ণনা করলেন, অতঃপর বললেন, ’’আম্মা বা’দ! আল্লাহর কসম! আমি কাউকে দই এবং কাউকে ছাড়ি। যাকে ছাড়ি সে আমার নিকট ঐ ব্যক্তি চেয়ে উত্তম, যাকে দই। কিন্তু আমি কিছু লোককে কেবলমাত্র এই জন্য দই যে, আমি তাদের অন্তরে অস্থিরতা ও উদ্বেগ লক্ষ্য করি এবং অন্য কিছু লোককে আমি ঐ ধনবত্তা ও কল্যাণের দিকে সঁপে দই, যা আল্লাহ তাদের অন্তরে নিহিত রেখেছেন। তাদের মধ্যে ’আমর ইবনে তাগলিব একজন।’’

আমর ইবনে তাগলিব বলেন, ’আল্লাহর কসম! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ কথার বিনিময়ে লাল উঁট নেওয়াও পছন্দ করি না।’ (বুখারী) [1]

## English

(57) Chapter: Contentment and Self-esteem and avoidance of unnecessary begging of People

'Amr bin Taghlib (May Allah be pleased with him) reported:
Some booty or prisoners of war were brought to Messenger of Allah (ﷺ) and he distributed them, giving some men and neglecting others. Then, he was informed that those whom he had not given a thing were displeased. On this the Messenger of Allah (ﷺ) praised Allah and glorified Him and said, "It is a fact that I give to one and overlook another. The one I ignore is dearer to me than the one I give. I give to those in whose hearts I perceive anxiety; others I leave with the richness and contentment that Allah has put in their hearts. One of them is 'Amr bin Taghlib." Upon this 'Amr bin Taghlib said, "By Allah I shall not accept a herd of red camels in exchange for what the Prophet said (about me)."

[Al-Bukhari].

Commentary: Whatever voluntary gifts or the spoils of war were brought to Messenger of Allah (PBUH), he divided them out to the Companions. In distribution, he weighed different considerations in his mind and the beneficiaries were categorized into three groups: the needy, the deserving cases and those whose hearts were to be won over. His primary concern, however, was to make donations to only those people about whom he had apprehensions that, if ignored, they would display impatience and weakness. In this way the reliable and contented type of men were intentionally ignored. The superiority of `Amr bin Taghlib (May Allah be pleased with him) is determined by the fact that the Prophet (PBUH) counted him among the latter, and he rightly took it as a great honour for him. Hence, we conclude that a ruler enjoys powers of expediency with regard to doling out from the public treasury. Yet, he is supposed to carry into practice what is implied by piety, integrity and trustworthiness. He must not be subordinate to self interests.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৯২৩, ৩১৪৫, ৭৫৩৫, আহমাদ ২০১৪৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আমর ইবনু তাগলিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23496

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন